দৈনিক খবর

তারিখ ..05.NOV 1991 ...
পৃষ্ঠা... ২ ... কলাম ...৭...

৩৪

অশান্ত ক্যাম্পাসে অন্যরকম চিত্র

# পরীক্ষা গ্রহণের দাবীতে ঢাকা বিশ্ববিদ্যালয়ে সমাবেশ

।। বিশ্ববিদ্যালয় রিপোর্টার ।।

গতকাল ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে প্রায় শতাধিক পরীক্ষার্থী পরীক্ষা গ্রহণের দাবীতে বিক্ষোভ মিছিল ও সমাবেশ করেছে।

সমাবেশ শেষে তারা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক আনোয়ার উল্লাহ চৌধুরীর সাথেও সাক্ষাৎ করে তাদের দাবীর কথা জানান। এরপরই আজ দুপুর ১২টায় এ ব্যাপারে শিক্ষক সমিতির সাধারণ সভা অনুষ্ঠানের সিদ্ধান্ত নেয়া হয়।

পরীক্ষার্থীরা শিক্ষক সমিতির কাছে আগামী ১০ই নভেম্বর থেকে রীতিমত তাদের পরীক্ষাসমূহ গ্রহণের দাবী জানায়। প্রয়োজন হলে ছাত্র-ছাত্রীদের নিরাপত্তার জন্য ক্যাম্পাসের আশেপাশে কোন প্রতিষ্ঠানে পরীক্ষা গ্রহণেরও তারা সুপারিশ করে।

আলোচনার পর শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক আনোয়ার উল্লাহ চৌধুরী তাদের কর্মবিরতির আওতার বাইরে পরীক্ষাসমূহ রাখার আশ্বাস দেন এবং এ ব্যাপারে আজ শিক্ষক সমিতির আলোচনা অনুষ্ঠিত হবে।

পরীক্ষা শুরু হবার পর গত ২৭শে

শেষ পৃষ্ঠায় ২য় কলামে

## পরীক্ষা গ্রহণের

প্রথম পৃষ্ঠার পর

অক্টোবর এক রক্তক্ষয়ী বন্দুকযুদ্ধে চারজনের প্রাণহানি ঘটলে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ প্রথমে তিনদিন ও পরে আরো সাতদিন পরীক্ষা ও ক্লাসসমূহ স্থগিত ঘোষণা করে। এদিকে প্রতিনিয়ত ক্যাম্পাসে গোলাগুলী হবার কারণে বিশ্ববিদ্যালয় এলাকায় পরীক্ষার্থীদের পড়াশোনা রীতিমত বিঘ্নিত হচ্ছে। যার ফলশ্রুতিতে পরীক্ষার্থীরা গত কয়েকদিন যাবৎ বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ ও শিক্ষক সমিতির সাথে কয়েক দফা আলোচনা করেছে। বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ এ ব্যাপারে সকল মহলের সাথে আলোচনা করে সিদ্ধান্ত গ্রহণেরও আশ্বাস ইতিপূর্বে দিয়েছেন।

ক্যাম্পাসে পরীক্ষা অনুষ্ঠানের ব্যাপারে দ্বিমত রয়েছে। একদল ছাত্র মনে করছে ক্যাম্পাসে তাদের নিরাপত্তার যথেষ্ট অভাব রয়েছে এবং একারণেই তারা বিশ্ববিদ্যালয় সংলগ্ন আশেপাশের কোন প্রতিষ্ঠানে পরীক্ষা গ্রহণের জন্য সংশ্লিষ্ট মহলকে অনুরোধ জানিয়েছে।